

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরানবাজার, ঢাকা।

www.brdb.gov.bd

স্মারক নম্বরঃ ৪৭.৬২.০০০০.৫০৪.০০.০৮১.১৯.২৩৬৬

তারিখঃ ১৮ মে ২০২০ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত ইউসিসিএসহ সকল কর্মসূচির জনবলের ধর্মীয় উৎসব (ঈদুল ফিতর, ঈদুল আযহা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব) সরকারী নির্দেশনা অনুযায়ী উদযাপনের লক্ষ্যে বৎসরে ০২টি উৎসব ভাতা এবং উৎসব কেন্দ্রিক ১ মাসের বেতন ভাতা অগ্রিম হিসেবে প্রদানের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) কর্মসূচিতে কর্মরত জনবলের মধ্যে যাদের অর্জিত আয় থাকবে তারা আয় থেকে বেতন ভাতা ও উৎসব ভাতা প্রাপ্য হবেন।

খ) কর্মরত জনবলের মধ্যে যাদের আয় দ্বারা বৎসরে ০২টি উৎসব ভাতা এবং উৎসব কেন্দ্রিক ১ মাসের বেতন ভাতা গ্রহণের সুযোগ নেই অথবা আংশিক গ্রহণের সুযোগ রয়েছে তাদের ক্ষেত্রে দায়মুক্ত তহবিল সংস্থান থাকা সাপেক্ষে পরবর্তী ১২ মাসের মধ্যে সমন্বয়ের শর্তে বর্ণিত সুবিধাদি প্রদান করা যাবে।

গ) যে সকল কর্মচারীর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ/বিভাগীয় মামলা রয়েছে তাদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবেনা।

ঘ) কোন ক্রমেই কর্মসূচির মূলধন (আরএলএফ, ঋণ তহবিল, শেয়ার ও সঞ্চয়ের অর্থ) ও অন্যান্য দায়যুক্ত তহবিল অবক্ষয় করে বর্ণিত সুবিধাদি প্রদান করা যাবেনা।

ঙ) দীর্ঘদিন যাবত (৬০ দিন বা তদুর্ধ্ব) যে সকল কর্মকর্তা/কর্মচারী অনুপস্থিত তাদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবেনা।

চ) ইতোপূর্বে যে সকল কর্মকর্তা/কর্মচারী অগ্রিম গ্রহণ করেছেন, কিন্তু সমন্বয় করেননি, তাদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবেনা।

২। এ আদেশটি এ সংক্রান্ত পূর্বের সকল আদেশের সংশোধনী হিসেবে গণ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



এস.এম মাসুদুর রহমান

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৮১৮০০০৪

স্মারক নম্বরঃ ৪৭.৬২.০০০০.৫০৪.০০.০৮১.১৯

তারিখঃ ১৮ মে ২০২০ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (ইরেসপো/উদকনিক/পদাবিক/পজীক/পল্লী প্রগতি/পিইপি/সদাবিক) বিআরডিবি, ঢাকা/ফরিদপুর।
- ৪) উপপরিচালক (সকল), বিআরডিবি, জেলা দপ্তর।
- ৫) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (প্রতিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল)।
- ৮) ইউপিও (পজীক)।



মোঃ আবদুল কাদের

যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)